

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৩]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ মুহাদ্দিছের নিকট হাদীছ পাঠ করা এবং পেশ করা

باب مَا جَاءَ فِي الْعِلْمِ

আরবী

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: بَيْنَمَا نَحْنُ جُلُوسٌ مَعَ النَّبِيِّ فِي الْمَسْجِدِ دَخَلَ رَجُلٌ عَلَى جَمَلٍ، فَأَنَاحَهُ فِي الْمَسْجِدِ، ثُمَّ عَقَلَهُ، ثُمَّ قَالَ لَهُمْ: أَيُّكُمْ مُحَمَّدٌ؟ وَالنَّبِيُّ مُتَّكِيٌّ بَيْنَ ظَهْرَانِيهِمْ، فَقُلْنَا: هَذَا الرَّجُلُ الْأَبْيَضُ الْمُتَّكِيُّ، فَقَالَ لَهُ الرَّجُلُ: يَا ابْنَ عَبْدِ الْمُطَّلِبِ، فَقَالَ لَهُ النَّبِيُّ قَدْ أَجَبْتُكَ فَقَالَ: إِنِّي سَأَلْتُكَ فَمَشَدَّدٌ عَلَيْكَ فِي الْمَسْأَلَةِ، فَلَا تَجِدْ عَلَيَّ فِي نَفْسِكَ، فَقَالَ سَلْ عَمَّا بَدَا لَكَ. فَقَالَ: أَسْأَلُكَ بِرَبِّكَ وَرَبِّ مَنْ قَبْلَكَ أَلَلَّهِ أَرْسَلَكَ إِلَى النَّاسِ كُلِّهِمْ؟ فَقَالَ اللَّهُ نَعَمْ. قَالَ: أُنْشِدُكَ بِاللَّهِ، أَلَلَّهُ أَمَرَكَ أَنْ نُصَلِّيَ الصَّلَوَاتِ الْخَمْسَ فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ؟ قَالَ اللَّهُ نَعَمْ. قَالَ: أُنْشِدُكَ بِاللَّهِ، أَلَلَّهُ أَمَرَكَ أَنْ نَصُومَ هَذَا الشَّهْرَ مِنَ السَّنَةِ؟ قَالَ اللَّهُ نَعَمْ. قَالَ: أُنْشِدُكَ بِاللَّهِ، أَلَلَّهُ أَمَرَكَ أَنْ تَأْخُذَ هَذِهِ الصَّدَقَةَ مِنْ أَغْنِيَانِنَا فَتَقْسِمَهَا عَلَى فَقْرَانِنَا؟ فَقَالَ النَّبِيُّ اللَّهُ نَعَمْ. فَقَالَ الرَّجُلُ: آمَنْتُ بِمَا جِئْتَ بِهِ، وَأَنَا رَسُولٌ مِّنْ وَرَائِي مِنْ قَوْمِي، وَأَنَا ضِمَامٌ بِنُ ثَعْلَبَةَ، أَخُو بَنِي سَعْدِ بْنِ بَكْرٍ. (بخارى: ٥٥)

বাংলা

৫৭) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমরা একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে মসজিদে বসা ছিলাম। তখন উটের উপর আরোহন করে এক ব্যক্তি মসজিদে প্রবেশ করল। সে মসজিদের ভিতরেই উটটিকে বসিয়ে বেঁধে রাখল। অতঃপর বললঃ তোমাদের মধ্যে মুহাম্মাদ কে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন সাহাবীদের সামনেই হেলান দিয়ে বসা ছিলেন। আমরা বললামঃ হেলান দিয়ে উপবিষ্ট এই সুন্দর লোকটিই মুহাম্মাদ। লোকটি এবার বললঃ হে ইবনে আব্দুল মুত্তালেব! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেনঃ আমি তোমার জবাব দিচ্ছি। সে বললঃ আমি আপনাকে কিছু কঠিন প্রশ্ন করব। সুতরাং আপনি মনে কোন প্রকার কষ্ট নিবেন না। তিনি বললেনঃ তোমার মন যা চায় তাই প্রশ্ন কর। লোকটি বললঃ আমি আপনার প্রভুর এবং আপনার পূর্বের সমস্ত মানুষের প্রভুর দোহাই দিয়ে প্রশ্ন করছি যে, আল্লাহ কি আপনাকে

সমস্ত মানুষের নিকট রাসূল হিসাবে প্রেরণ করেছেন? উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ।

তারপর লোকটি জিজ্ঞেস করলঃ আমি আপনাকে আল্লাহর দোহাই দিয়ে জিজ্ঞেস করছি যে, আল্লাহ কি আপনাকে দিনে ও রাতে পাঁচ ওয়াক্ত নামায আদায় করার আদেশ দিয়েছেন? উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ। লোকটি আবার জিজ্ঞেস করলঃ আমি আপনাকে আল্লাহর দোহাই দিয়ে জিজ্ঞেস করছি যে, আল্লাহ কি আপনাকে বছরের মধ্যে রামাযান মাসের রোযা রাখার আদেশ দিয়েছেন? উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ। লোকটি পুনরায় জিজ্ঞেস করলঃ আমি আপনাকে আল্লাহর দোহাই দিয়ে জিজ্ঞেস করছি যে, আল্লাহ কি আপনাকে আমাদের ধনীদেব নিকট থেকে যাকাত আদায় করে গরীবদের মধ্যে বন্টন করার আদেশ দিয়েছেন? উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ।

অতঃপর লোকটি বললঃ আপনি যা নিয়ে এসেছেন আমি তার প্রতি ঈমান আনয়ন করলাম। আমি আমার গোত্রের দূত হিসাবে এসেছি। আমার নাম যিমাম বিন ছা'লাবা। আর আমি সা'দ বিন বকর গোত্রের লোক।

English

What is said about knowledge

Narrated Anas bin Malik:

While we were sitting with the Prophet (ﷺ) in the mosque, a man came riding on a camel. He made his camel kneel down in the mosque, tied its foreleg and then said: "Who amongst you is Muhammad?" At that time the Prophet (ﷺ) was sitting amongst us (his companions) leaning on his arm. We replied, "This white man reclining on his arm." The man then addressed him, "O Son of `Abdul Muttalib." The Prophet (ﷺ) said, "I am here to answer your questions." The man said to the Prophet, "I want to ask you something and will be hard in questioning. So do not get angry." The Prophet (ﷺ) said, "Ask whatever you want." The man said, "I ask you by your Lord, and the Lord of those who were before you, has Allah sent you as an Apostle to all the mankind?" The Prophet (ﷺ) replied, "By Allah, yes." The man further said, "I ask you by Allah. Has Allah ordered you to offer five prayers in a day and night (24 hours).?" He replied, "By Allah, Yes." The man further said, "I ask you by Allah! Has Allah ordered you to observe fasts during this month of the year (i.e. Ramadan)?" He replied, "By Allah, Yes." The man further said, "I ask you by Allah. Has Allah ordered you to take Zakat (obligatory charity) from our rich people and distribute it amongst our poor people?" The Prophet (ﷺ) replied, "By Allah, yes." Thereupon that man said, "I have believed in all that with which you have been sent, and I have been sent by my people as a messenger, and I am Dimam bin Tha`laba from the brothers of Bani Sa`d bin Bakr."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৬২

ইসলামিক সেন্টারঃ ৬২

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88752>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন